



# টিকা ও পোরসিন জিলেটিন

টিকাতে কেন পোরসিন জিলেটিন ব্যবহার করা হয়,  
তা এই লিফলেটে বর্ণনা করা হয়েছে

কিছু টিকাতে শূকরের উপাদান থাকা নিয়ে কিছু লোকজনের মধ্যে একটা উদ্বেগ তৈরি হয়েছে।

যে সমস্ত টিকার মধ্যে এই প্রোডাক্ট এবং উপলভ্য থাকা অন্যান্য বিকল্প রয়েছে, সেই ব্যাপারে তথ্য প্রদান করতে এই লিফলেট প্রস্তুত করা হয়েছে।

## জিলেটিন মানে কী?

জিলেটিন হলো এমন একটি পদার্থ যা মুরগি, গবাদী পশু, শূকর এবং মাছের মতো প্রাণীর কোলাজেন থেকে প্রস্তুত করা হয়। টেন্ডন, লিগামেন্ট, হাড় এবং কার্টিলেজে কোলাজেন পাওয়া যায়। শূকরের কোলাজেন থেকে পোরসিন জিলেটিন পাওয়া যায়। ওষুধে ব্যবহার করা সমস্ত প্রকারের জিলেটিন কঠোর পরিচ্ছন্নতামূলক পরিবেশে এবং সুরক্ষামূলক রেগুলেশনের মধ্যে প্রস্তুত করা হয়।

## টিকার মধ্যে কেন পোরসিন জিলেটিন ব্যবহার করা হয়?

অনেক ক্যাপসুল এবং কিছু টিকা সহ বিভিন্ন ধরনের ওষুধের মধ্যে জিলেটিন ব্যবহার করা হয়। টিকাগুলো যাতে স্টের করে রাখার সময় নিরাপদ থাকে এবং সেগুলোর কার্যকারিতা না হারায়, তা সুনিশ্চিত করতে একটি স্টেবিলাইজার হিসাবে টিকাগুলোতে পোরসিন জিলেটিন ব্যবহার করা হয়। টিকা প্রস্তুতকারকরা সাধারণত নানা প্রকারের স্টেবিলাইজার পরীক্ষা করেন এবং যেটি ভারসাম্যযুক্ত, ভালো গুণমানের এবং পর্যাপ্ত পরিমাণে উপলভ্য রয়েছে, সেটি বেছে নেয়। খাদ্যে ব্যবহৃত জিলেটিনের বিপরীতে, টিকায় ব্যবহৃত এই পদার্থটি অত্যন্ত বিশুদ্ধ এবং ক্ষুদ্র ক্ষুদ্র অণুতে ভেঙে ফেলা হয়, যেগুলোকে বলা হয় পেপটাইড।

## টিকাগুলো কেন অন্য ধরনের স্টেবিলাইজার বা অন্য প্রকারের জিলেটিন দিয়ে তৈরি করা যায় না?

একটা টিকা তৈরি করতে গেলে বহু বছর ধরে ল্যাবরেটরিতে পরীক্ষা এবং ক্লিনিক্যাল গবেষণা চালাতে হয়, তবে নিশ্চিত করা যায় যে এটি নিরাপদ ও কার্যকর। একবার টিকার জন্য নির্মাতা নির্দিষ্ট একটি স্টেবিলাইজার বেছে নিলে, তাতে কোনো পরিবর্তন আনলে টিকার নিরাপত্তা ও কার্যকারিতা প্রভাবিত হয়নি তা প্রমাণ করতে বিস্তৃত পরীক্ষাগার ও ক্লিনিক্যাল গবেষণা প্রয়োজন হতে পারে। এই কারণে পৃথক একটি স্টেবিলাইজার দিয়ে নতুন নিরাপদ ও কার্যকর একটা টিকা প্রস্তুত করতে বহু বছর সময় লাগতে পারে বা কখনো সেটাও সম্ভব হয় না।

## কোন টিকার মধ্যে পোরসিন জিলেটিন রয়েছে?

যুক্তরাজ্যে সাধারণ টিকাদান কর্মসূচীতে ব্যবহৃত 2টি টিকার মধ্যে পোরসিন জিলেটিন রয়েছে:

- Fluenz<sup>®</sup>, নেজাল স্প্রে টিকা, যেটি শিশুদেরকে ফ্লুয়ের থেকে রক্ষা করে
- MMR VaxPro<sup>®</sup>, একটি টিকা যা হাম, মাম্পস এবং রুবেলার বিরুদ্ধে প্রতিরোধ তৈরি করে

## নানা ধর্মীয় সম্প্রদায়ের মানুষ এটি কীভাবে দেখেন?

পাবলিক হেলথ ইংল্যান্ড (PHE), যেটি এখন UK হেলথ সিকিউরিটি এজেন্সি (UKHSA)-এর অংশ, Kashrut এবং Medicines Information Service-এর পরামর্শ নিয়েছে, যাদের বক্তব্য:

“এটা উল্লেখ করার ব্যাপার যে ইহুদী আইন অনুযায়ী, নন-ওরাল প্রোডাক্টের মধ্যে অন্যান্য প্রাণীর থেকে নেওয়া উপাদান বা পোরসিন নিয়ে কোনো সমস্যা নেই। এর মধ্যে রয়েছে টিকা, যার মধ্যে আছে যেগুলো নাক, ইঞ্জেকশন, সাপোজিটর, ক্রিম ও মলমের মাধ্যমে প্রয়োগ করা হয়।”

তবে, UKHSA এটা স্বীকার করে যে ব্রিটিশ মুসলমান ও ইহুদি সম্প্রদায়ের মধ্যে বৈচিত্র্য রয়েছে এবং যে সমস্ত ওষুধ ও টিকার মধ্যে পোরসিনের প্রোডাক্ট আছে, সেটি কিছু গোষ্ঠীর মানুষের কাছে নিষিদ্ধ হতে পারে। এই সমস্ত পরিস্থিতিতে, উক্ত ব্যক্তি অনেক ফার্মাসিউটিক্যাল প্রোডাক্ট স্বীকার করতে পারবেন না, যদি না কোনো উপযুক্ত বিকল্প না থাকে এবং/অথবা প্রোডাক্টটি জীবন বাঁচাতে পারে, এমন হিসাবে বিবেচনা করা হয়।

## এই টিকাগুলোর কি কোনো উপযুক্ত বিকল্প আছে?

- **MMR:** যুক্তরাজ্যে 2 প্রকারের MMR টিকা রয়েছে – MMR VaxPro® এবং Priorix®. Priorix®-তে জিলেটিন থাকে না এবং এটি MMR VaxPro® এর মতো নিরাপদ এবং কার্যকর।
- **Fluenz®:** সাধারণত শিশুদের জন্য বিবেচনা করা হয় এবং এটি দ্রুত, সহজে প্রয়োগ করা যায় এবং তাতে ব্যথা হয় না। এটি কমিউনিটিতে ফ্লু ছড়িয়ে পড়া হ্রাস করার ক্ষেত্রে ভালো হতে পারে। পোরসিন জিলেটিন রয়েছে এমন ওষুধ বা টিকা যদি আপনি স্বীকার না করেন, তাহলে জিলেটিন না থাকা একটি ফ্লু ভ্যাকসিন ইঞ্জেকশন দেওয়া যেতে পারে।

## লোকজন যদি নিজেদের বা তাদের সন্তানদের জন্য পোরসিন জিলেটিন থাকা টিকা নিতে না চান তাহলে কী হবে?

আপনি টিকা নেবেন কী নেবেন না, আপনার সন্তানকে টিকা দেবেন কী না, সেই সিদ্ধান্ত একান্তই আপনার। সুচিন্তিত সিদ্ধান্তে পৌঁছাতে, আপনি নিজে বা আপনার সন্তানকে টিকা দেওয়ার সুবিধা ও অসুবিধা সম্পর্কে প্রমাণ/তথ্য বিবেচনা করতে চাইতে পারেন।

যে মা-বাবা তাদের সন্তানকে পোরসিন জিলেটিন থাকা MMR টিকা দিতে ইচ্ছুক নন, তারা Priorix® টিকার জন্য তাদের GP-কে অনুরোধ করতে পারেন। 2টি সম্পূর্ণ ডোজের কোর্স হাম, মাস্পস এবং রুবেলার হাত থেকে সুরক্ষা জোগাবে। অনুগ্রহ করে মনে রাখবেন এই ক্ষেত্রে এই প্রোডাক্টটি অর্ডার দেওয়ার প্রয়োজন হতে পারে, বিশেষত অ্যাপয়েন্টমেন্টের আগে আপনার মতামত জানাতে এটি সহায়ক হবে।

শরীরের অন্য কোনো সমস্যার কারণে আপনার শিশুর যদি ফ্লু-তে আক্রান্ত হওয়ার উচ্চ ঝুঁকি থাকে, তাহলে নেজাল ভ্যাকসিন বিকল্পটি বেছে নেওয়া যায়। যদি তারা নেজাল স্প্রে নিতে রাজি না হয় বা শারীরিক সমস্যার কারণে এটা নেওয়া নিরাপদ না হয়, তাহলে তাদেরকে ইঞ্জেকশন দিয়ে ফ্লু-এর টিকা দেওয়া যাবে।



টিকাকরণের ব্যাপারে আপনার সিদ্ধান্ত নেওয়ার আগে আপনি যদি আরও তথ্য পেতে চান, তাহলে আপনার চিকিৎসক কিংবা প্র্যাক্টিস নার্সের সঙ্গে কথা বলতে পারেন। যে রোগকে কার্যকারিতার সঙ্গে এই টিকা প্রতিরোধ করে, সেগুলোতে আক্রান্ত হওয়ার উচ্চ ঝুঁকি থাকলে এটি বিশেষভাবে অত্যন্ত গুরুত্বপূর্ণ।